

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
তিনি বলেন, 'তোমার কি অসীকার
করছো এবং এই শর্ত আমার ওয়াদা গ্রহণ
করে নিয়েছো? তারা বললো, 'আমরা
অসীকার করেছি'। তিনি বলেন, তাহলে
এবার সাক্ষী থাকো। আর আমিও
তোমাদের সাথে সাক্ষী রইলাম।
সূরা আল ইমরান ৮১

দৈনিক

কীর্তনখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

শ্রীশ্রীশ্রী সিমেন্ট
ইস্রাইলের মজবুত গড়ন



সেবা : ০২৯৯০০৬৬৬৬৬৬, ০২৭৯৯০২৭৭০৪

বরিশাল ॥ শুক্রবার ॥ ০৯ অক্টোবর ২০২৬ ॥ ২৭ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ২৪ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১২৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

**কুরআন শিক্ষাকে
উৎসাহিত করতে কাজ
করবে সরকার: রাষ্ট্রপতি**
কীর্তনখোলা ডেস্ক
আন্তর্জাতিক পর্যায়ে পুরস্কৃত
কোরআনের হাফেজ ও শিক্ষার্থীদের
সম্মানিত করার পাশাপাশি কুরআন
শিক্ষা ২ এর পাতায় দেখুন

**সড়কে চাঁদাবাজি
নিয়ন্ত্রণে কাজ করবে
নতুন কমিটি: রিজভী**
কীর্তনখোলা ডেস্ক
সড়কে আনবহির্ভূত কর্মকাণ্ড ও
চাঁদাবাজি নিয়ন্ত্রণে সদ্য গঠিত সড়ক
পরিবহন শ্রমিক ফেডারেশনের নতুন
কমিটি ২ এর পাতায় দেখুন

**পুলিশ জনআস্থা অর্জন
করেছে, আরও বেশি আস্থা
প্রতিষ্ঠাই চ্যালেঞ্জ: স্বরাষ্ট্রমন্ত্রী**
কীর্তনখোলা ডেস্ক
পুলিশের প্রতি জনগণের আস্থা রয়েছে
দাবি করে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন
আহমদ বলেছেন, জনআস্থা আরও বেশি
প্রতিষ্ঠা ২ এর পাতায় দেখুন

**আমরা ভারতবিরোধী নই
আধিপত্যবাদবিরোধী:
আসিফ মাহমুদ**
কীর্তনখোলা ডেস্ক
আমরা ভারতবিরোধী নই, আমরা
আধিপত্যবাদবিরোধী। পৃথিবীর যে
কোনো দেশের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে
বাংলাদেশের ২ এর পাতায় দেখুন



বরিশালে নিত্যপণ্য ও এলপি গ্যাসের বাজারে অভিযান

কীর্তনখোলা রিপোর্ট
নিতাপ্রয়োজনীয় পণ্যের বাজারমূল্য স্থিতিশীল রাখা এবং সরকার
নির্ধারিত দামে এলপি গ্যাস সিলিंडার বিক্রি নিশ্চিত করতে জাতীয়
ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চলমান বিশেষ তদারকির অংশ
হিসেবে বরিশালে অভিযান চালিয়ে ছয়টি প্রতিষ্ঠানকে জরিমানা করা
হয়েছে। বৃহস্পতিবার (৮ অক্টোবর) সকাল থেকে দুপুর পর্যন্ত নগরীর
১০ নম্বর ওয়ার্ডের কেনডিস কলোনি এলাকায় দুটি চিরার খাজা তৈরির
কারখানা ও একটি এলপি গ্যাস সিলিঙার খুচরা বিক্রির দোকান এবং
নগরীর পোর্ট রোড এলাকায় একটি দোকানসহ মোট ছয়টি প্রতিষ্ঠানে
অভিযান পরিচালনা করা হয়। এ সময় বিভিন্ন অনিয়মের কারণে
প্রতিষ্ঠানগুলোকে মোট ২৪ হাজার টাকা জরিমানা করা হয়। দুপুরে
অভিযানের বিষয়টি নিশ্চিত করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ
অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ইন্দ্রানী
দাস। অভিযানে আরও উপস্থিত ছিলেন ২ এর পাতায় দেখুন

মাদকের আসর থেকে পুলিশ কর্মকর্তা ও নারীসহ আটক চার থানা থেকে পালালেন পুলিশ কর্মকর্তা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল সদরে থানা
হেফাজত থেকে
পালিয়েছেন মাদকের
আসর থেকে মাদকদ্রব্য
নিয়ন্ত্রণ অধিদপ্তরের হাতে
আটক পুলিশের সহকারী
উপপরিদর্শক (এএসআই)
দেলোয়ার হোসেন।
বৃহস্পতিবার (৮
অক্টোবর) দুপুরে তিনি
বরিশাল মেট্রোপলিটন
পুলিশের এয়ারপোর্ট থানা
থেকে পালিয়ে গেলেও
বিষয়টি প্রকাশ পায়
সন্ধ্যায়। একাশ পায়ে
বৃহস্পতিবার সকালে
সদর উপজেলার রায়পাশা



কড়াপুর ইউনিয়নের
দক্ষিণ কড়াপুর এলাকায়
মিরাজুল ইসলামের
বাড়িতে মাদকের আসর
থেকে এয়ারপোর্ট থানার
এএসআই দেলোয়ার
হোসেন এবং এক
নারীসহ চারজনকে আটক
করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ
অধিদপ্তরে। এ সময় ওই
নাড়ি থেকে
মাদকসেবনের সরঞ্জাম
উদ্ধার করেন তারা। পরে
আটক পুলিশ কর্মকর্তাকে
বিভাগীয় শাস্তিমূলক
ব্যবস্থা এবং ভোপ
স্টেটের জন্য এয়ারপোর্ট
২ এর পাতায় দেখুন



কারখানা সিলগালা ভাণ্ডারিয়ায় ভেজাল পণ্য তৈরির দায়ে মালিকের দুই বছর দণ্ড

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় অবৈধ ভাবে নকল ও ভেজাল ভোপাপণ্য
তৈরি ও বিপন্নন করার অভিযোগে একটি কারখানায় অভিযান চালিয়ে
বিপুল পরিমান পণ্য ও উৎপাদনসামগ্রী জব্দ করে ড্রামামান আদালতে
এ ঘটনায় কারখানার মালিক মো. আল আমিন হাওলাদারকে 'নিরাপদ
খাদ্য আইন' ২০১৩ এর ২৫,২৬,৩২ ও ৩৭ ধারায় ২বছরের বিনাশ্রম
করাবন্ড দেয়া হয়। একই সঙ্গে কারখানাটি সিলগালা করা হয়। এবং
জব্দকৃত বিপুল পরিমান অবৈধ পণ্য কচা নদীর তীরে খোলা স্থানে অগ্নি
সংযোগ করে ভস্মীভূত করা হয়। ড্রামামান আদালত পরিচালনা করেন
নিবাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নিবাহী কর্মকর্তা মো. হাসিবুল হাসান।
ড্রামামান আদালত সূত্রে জানা গেছে, গতকাল বৃহস্পতিবার দুপুরে
পৌরশহরের ১নম্বর ওয়ার্ডের লক্ষ্মীপুরা ২ এর পাতায় দেখুন



বরিশাল জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনিয়োগকৃত ৩২৫ জন সহকারী শিক্ষকের লটারীর মাধ্যমে
পদায়ন কার্যক্রমে উপস্থিত জেলা প্রশাসক মামুন খন্দকার

-কীর্তনখোলা

অক্টোবরের প্রথম সপ্তাহেই ডেস্কুতে প্রাণ গেল ৪৯ জনের

কীর্তনখোলা ডেস্ক
দেশে নতুন করে ডেস্কুতে
এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য
অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ
নিয়ন্ত্রে চলতি বছর ডেস্কুতে মোট
মৃত্যু হয়েছে। একই সময়ে
হাসপাতালে ভর্তি হয়েছে ১
হাজার ৯৩৫ জন। এ নিয়ে
চলতি বছরের অক্টোবরের প্রথম
সাত দিনে ডেস্কুতে ৪৯ জনের
মৃত্যু হলো। বৃহস্পতিবার (৮
অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের

ডেস্কুবিষয়ক নিয়মিত বুলেটিনে
এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য
অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ
নিয়ন্ত্রে চলতি বছর ডেস্কুতে মোট
মৃত্যু হয়েছে। একই সময়ে
হাসপাতালে ভর্তি হয়েছে ১
হাজার ৯৩৫ জন। এ নিয়ে
চলতি বছরের অক্টোবরের প্রথম
সাত দিনে ডেস্কুতে ৪৯ জনের
মৃত্যু হলো। বৃহস্পতিবার (৮
অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের

করে ডেস্কু রোগীর মৃত্যু হয়েছে।
বুলেটিনে বলা হয়, বুধবার সকাল
৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায়
দেশের বিভিন্ন হাসপাতালে ডেস্কু
আক্রান্ত হয়ে ১ হাজার ৯৩৫ জন
ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি
বছর হাসপাতালে ভর্তি রোগীর
সংখ্যা দাঁড়িয়েছে ৯৪ হাজার
১৫১ জনে। একই সময়ে সুস্থ
হয়ে ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রচলিত বাংলা ভাষাপ্রতিষ্ঠান বরিশাল সরকারি ব্রহ্মচর্যম কলেজ, বরিশাল বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পতীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র: বিষয়ের প্রধান পতীক্ষক, সরকারি আদোপকাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি কারাবাজার, সদর রোড, বরিশাল 01711-264963	অবুকের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অবুকের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-407767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহাবাবাজার, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হাজি কলি কলকাতা রাস্তা, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাজি কলি কলকাতা রাস্তা, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি হাজি কলি কলকাতা রাস্তা, বরিশাল 01726-674663	হক লাইব্রেরি হাজি কলি কলকাতা রাস্তা, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি হাজি কলি কলকাতা রাস্তা, বরিশাল 01717-488083

বাংলাদেশের সঙ্গে ‘জনমুখী’ সম্পর্ক জোরদারে অগ্রহী ভারত

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের সঙ্গে স্থিতিশীল, ইতিবাচক ও সহযোগিতামূলক দ্বিপাক্ষিক
সম্পর্ক বজায় রাখতে ভারত অগ্রহী বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্র
মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। দ্বিপাক্ষিক সম্পর্ক ও
আঞ্চলিক সহযোগিতা বিষয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে ভারতের
পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এ কথা জানান। বাংলাদেশের
উচ্চপর্যায়ের প্রতিনিধির সঙ্গে সংগোষ দুই দেশের জনগণের প্রত্যক্ষ
সুবিধা নিশ্চিত করতে একটি গঠনমূলক ও দূরদর্শী দৃষ্টিভঙ্গিতে ভারত
গুরুত্ব দিয়ে যাচ্ছে বলেও জানান তিনি। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের
মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

**এখনও সর্বত্রই
ফ্যাসিবাদের কালো ছায়া**

শেখ হাসিনা চলে গেলেও তার দোসররা এখনও বহাল তবিয়তে।
বরিশালের সকল সরকারি প্রতিষ্ঠানেই তাদের দৌরাছু সীমাহীন।
কোথাও অনিয়ম-দুর্নীতি, লুটপাট বন্ধ হয়নি। সরকারি প্রায়
প্রতিষ্ঠানেই আওয়ামী লীগের আমলের হাসিনা ঘনিষ্ঠ লোকজন রয়ে
গেছে। এদের অনেকেইই চাকরি হয়েছে হাসিনার আমলে। আর
একথা সর্বজনবিদিত যে, আওয়ামী লীগ সরকার আসলে যাই
বাছাই করে আওয়ামী লীগ কিংবা আওয়ামী লীগপন্থ লোকজনদেরই
সব জায়গায় নিয়োগ প্রদান করেছে। এরা এখনও বহাল তবিয়তে
তাই হাসিনার এজেন্ডা বাস্তবায়নে কিংবা বর্তমান সরকারকে
কেবলমাত্র ফেলতে জনগণের সেবার পরিবর্তে জনভোগান্তি সৃষ্টি
করে চলেছে। সাধারণ মানুষকে সেবা দেয়ার পরিবর্তে ঘুষ-দুর্নীতি
আর লুটপাটে ব্যস্ত এ চক্রটি। ৫ আগস্টের পর কোনো অফিসেই
ঘুষ-দুর্নীতি বন্ধ হয়নি। উল্টো তারা এখন দর খেন আরও বাড়িয়ে
দিয়েছে। এর সাথে রয়েছে বস্ত্রীয় অর্থ লোপাটের ভয়াবহ চিত্র।
এবং কিছুকেই সরকারের বিরুদ্ধে অশ্লীল সংকেত হিসাবে দেখছেন
ভুক্তভোগী নাগরিক সমাজ।

জাকির ইমতিয়াজ, শিক্ষক



বিএম কলেজে ছাত্র অধিকার পরিষদের উদ্যোগে ‘পত্রিকার দেয়াল’ স্থাপন

আঞ্জিঙ্গুল হাকিম সানি, বিএম কলেজ
সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে শিক্ষার্থীদের মুক্তবুদ্ধি চর্চা,
নিয়মিত সংবাদ পাঠ, সমসাময়িক বিষয়ে সচেতনতা তৈরির লক্ষ্যে ও
তথ্য প্রকাশের সুবিধার্থে ব্যতিক্রমধর্মী দেয়াল পত্রিকা ‘পত্রিকার
দেয়াল’ স্থাপন করা হয়েছে। বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ, বিএম
কলেজ শাখার উদ্যোগে ও সংগঠনটির শাখা সাধারণ সম্পাদক কে
এম মাইনুল হকের সৌজনে এটি বাস্তবায়ন করা হয়। বৃহস্পতিবার
(৮ অক্টোবর ২০২৬) দুপুরে কলেজের প্রশাসনিক ভবনের কর্ণারে ফিতা
কটে এই দেয়াল পত্রিকার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উদ্বোধনী
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ২ এর পাতায় দেখুন



নগরীর বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়নে ফিনল্যান্ড ভিত্তিক শীর্ষস্থানীয় বর্জ্য ব্যবস্থাপনা প্রতিষ্ঠান HABA ও
TANA-এর প্রতিনিধিদলের সাথে সভা করেন বিসিপি প্রশাসক বিলকিস জাহান শিরীন

-কীর্তনখোলা

মাছ ধরায় ২২ দিনের নিষেধাজ্ঞা জেলেদের চরম অসন্তোষ

কীর্তনখোলা রিপোর্ট
মা ইলিশের নিরাপদ প্রজনন
নিশ্চিত করতে বংশোপসাগর ও
উপকূলীয় নদীগুলোতে গুরু
হয়েছে ২২ দিনের মাছ ধরার
সরকারি নিষেধাজ্ঞা। তবে একের
পর এক অবরোধ এবং পর্যাপ্ত

ক্ষতিপূরণ না পাওয়ার কারণে
পটুয়াখালীর কলাপাড়াসহ
উপকূলীয় অঞ্চলের জেলেদের
মধ্যে তীব্র অসন্তোষ ও হতাশা
বিস্তার করেছে। ইলিশের প্রজনন
মৌসুমে মা ইলিশের বাধাধীন
প্রজনন নিশ্চিত করতে প্রতিবছর

এ ধরনের নিষেধাজ্ঞা আরোপ
করে সরকার। এবারের
নিষেধাজ্ঞার আওতায় সমুদ্র ও
সমুদ্র মোহনা-সংলগ্ন নদীতে
ইলিশসহ সব ধরনের মাছ
আহরণ বন্ধ থাকবে। সরকারের
নিষেধাজ্ঞা ২ এর পাতায় দেখুন

বরিশালে ফাঁসির দণ্ডপ্রাপ্ত কয়েদির হাসপাতালে মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল কেন্দ্রীয় কারাগারে
ফাঁসির দণ্ডে দণ্ডিত এক কয়েদীর
মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার
সকালে বরিশাল শের-ই-বাংলা
মেডিকেল কলেজ হাসপাতালে
চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু
হয় বলে বরিশাল কেন্দ্রীয়
কারাগারের জেলার আবু ইউসুফ
জানিয়েছেন। মৃত সুলতান
হাওলাদার (৬৪) বাবুগঞ্জ
উপজেলার ভবানীপুর গ্রামের
বাসিন্দা আব্দুর রব হাওলাদারের
ছেলে। জেলার আবু ইউসুফ
বলেন, একটি হত্যা মামলায়
২ এর পাতায় দেখুন

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুর উপজেলায় বাসচাপায় এক পথচারী নিহত
হয়েছেন। এ ঘটনায় বাস জন্দের পাশাপাশি চালককে আটক করেছে
পুলিশ। বৃহস্পতিবার দুপুর আড়াইটার দিকে বরিশাল-পিরোজপুর
আঞ্চলিক মহাসড়কে উপজেলার গুজাগাড় ইউনিয়নের মোল্লাহাট
এলাকায় এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন রাজাপুর থানার ওসি সুজন
বিশ্বাস। নিহত মো. মতিউর রহমান (৬৫) মোল্লাহাট এলাকার প্রয়াত
সিরাজ উদ্দিনের ছেলে। আটক বাস চালক শামসুল হক টাকার
কেদারীপাঞ্জের দক্ষিণ ধর্মপুত্র মুগারচর এলাকার সালাম শেখের ছেলে।
প্রত্যক্ষদর্শী কাজল মোল্লা বলেন, রাত্তা পায় হওয়ার সময়
পিরোজপুরের ভাণ্ডারিয়াগামী ইমাদ পরিবহনের একটি বাস মতিউরর
চাপা দেয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে রাজাপুর উপজেলা স্বাস্থ্য
কমপ্লেক্সে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। দুর্ঘটনার পর স্থানীয়রা
উপজেলা সদরের বাইপাস এলাকা থেকে বাসটি আটক করে পুলিশে
সোপর্ন করেন। পরে চালক শামসুল হককেও আটক করে থানায়
নেওয়া হয়। ওসি সুজন বিশ্বাস বলেন, বাস ও চালককে আটক করে
থানায় নেওয়া হয়েছে। নিহতের ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জেলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাঙ্গিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

আন্তর্জাতিক প্রতীক

মহাসাদকীয় আশা-জাগানিয়া উদ্যোগ

শিক্ষকরা সমাজের অভিভাবক। শিক্ষকের হাতেই থাকে দেশ গড়ার চাবিকাঠি। আর আমাদের দেশে সেই শিক্ষকই নানাভাবে বঞ্চনা ও অবহেলার শিকার। দেশের বেশির ভাগ শিক্ষকের নেই প্রত্যাশিত বেতনকমার্তাযো, যা দিয়ে একজন মানুষ এই সময়ে মানসম্পন্ন জীবন ধারণ করতে পারেন। কোনো কোনো পর্যায়ে এমনও রয়েছে, বছরের পর বছর ধরে শিক্ষকতা করলেও মিলছে না বেতন। সংগত কারণেই দেশের মেধাবীদের কাছে শিক্ষকতা পছন্দের পেশা হিসেবে সামনে আসেনি। এই বিষয়টি বিবেচনায় নিয়ে বর্তমান সরকার গোটা শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজানোর উদ্যোগ নিয়েছে। প্রকাশিত খবরে বলা হয়, প্রধানমন্ত্রী তারেক রহমান এমন পরিকল্পনা নিয়ে অগ্রসর হচ্ছেন, যেখানে শিক্ষকতাই হবে মেধাবীদের কাছে প্রথম পছন্দের পেশা। খবরে বলা হয়, বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে গত সোমবার জাতীয় পর্যায়ে ‘গুণী শিক্ষকদের’ সম্মাননা প্রদান করা হয়। ওই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অত্যন্ত আশা-জাগানিয়া মন্তব্য করেছেন। তিনি বলেছেন ‘শিক্ষকতা কোনোভাবেই ‘উপায়েহীন বিকল্প’ বা সাধারণ চাকরির মতো পেশা হতে পারে না। সবচেয়ে মেধাবীরা যাতে শিক্ষকতাকে প্রথম পছন্দ হিসেবে বেছে নেন সে লক্ষ্যেই সরকার কাজ করছে।’ তিনি বলেন, ‘শিক্ষকদের সম্মান ও মর্যাদার সঙ্গে রাষ্ট্রের মর্যাদা ও ভাবমূর্তি জড়িত।’ এখন কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) যুগ। আধুনিক প্রযুক্তি নানা কর্মকাণ্ডে এনেছে অভাবনীয় গতি। কিন্তু সে তুলনায় আমাদের শিক্ষা খাত এখনো পিছিয়ে। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যম ও কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) দ্রুত বিকাশের সময় কারিগরি ও ব্যবহারিক শিক্ষার বিকল্প নেই। তিনি আশ্বাস দেন, এ বছরের মধ্যেই শিক্ষার্থীরা নতুন সিলেবাস অনুযায়ী বই পড়বে। এ ছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে ঘট শ্রেনির শিক্ষার্থীদের হাতে এবারই প্রথমবারের মতো ‘লার্নিং উইথ হ্যাণ্ডস’এ বই তুলে দেওয়া হচ্ছে। অনেকে প্রযুক্তিকে শিক্ষকের বিকল্প হিসেবে দেখে থাকেন, কিন্তু প্রধানমন্ত্রী মনে করেন, প্রযুক্তি শিক্ষকের বিকল্প নয়, বরং শিক্ষকের শক্তি। এই বিষয়ে গুরুত্ব দিয়ে বর্তমান সরকার ‘ওয়ান টিচার, ওয়ান ট্যাব’ কর্মসূচি হাতে নিয়েছে। আমরা দেখেছি, বর্তমান সরকার শিক্ষাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিয়েছে। দেশের ইতিহাসে এবারই প্রথম জাতীয় ভাঙেটে শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ দেওয়া হয়েছে। তবে পাশাপাশি কিছু তিক্ত বাস্তবতা আমাদের সামনে আসে। দেশে বন-এমপিও শিক্ষক-কর্মচারীরা মানবেতর জীবন যাপন করছেন। অনেক শিক্ষক ২০ বছর ধরে চাকরি করেও বেতন পান না। দেশে বন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা প্রায় সাড়ে তিন হাজার। জানা গেছে, গত ১৬ বছরে নীতিমালাকে পাশ কাটিয়ে নানা সময় রাজনৈতিক বিবেচনায় এমপিও অনুমোদন দেওয়া হয়েছে। বিশপণ সরকারের সময় প্রতিষ্ঠিত বহু প্রতিষ্ঠান পরবর্তী সময়ে রাজনৈতিক বৈষম্যের কারণে এমপিও থেকে বঞ্চিত হয়েছে। এই টানাপোড়েনের সূর্যহা হওয়া অনিবার্ধ্য। এ ছাড়া শিক্ষকদের বেতন ও অবসর ভাতা পেতেও বছরের পর বছর অপেক্ষা করতে হয়। এ বিষয়ে প্রধানমন্ত্রী শিক্ষকদের প্রাপ্য অর্থ যথানিয়মে যথাসময়ে ব্যাকের মাধ্যমে পৌছে দেওয়ার নির্দেশ দিয়েছেন। আশা করি, প্রধানমন্ত্রীর এই নির্দেশ যথাযথ বাস্তবায়ন হবে।

খানার থেকে পালালে মাদকের আসর

খানার ওসির হেফাজতে দেয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। আটককৃতরা হলেন, বরিশাল মেট্রোপলিটন পুলিশের এয়ারপোর্ট খানার সহকারী উপপরিদর্শক (এএসআই) ও খুলনা নগরীর শেরে বাংলা রোডের মো. সাখাওয়াত হোসেন শিকদারের ছেলে দেলোয়ার হোসেন (৩৮), বাগেরহাট জেলার ফকিরহাটের উম্মাহার নোয়াপাড়া এলাকার আবু সাঈদ মোল্লার ছেলে নাদির হাসান (২৬), বরিশাল সদর উপজেলার দক্ষিণ কড়াপুর এলাকার মৃত এএ ও বারির ছেলে মো. রেরাজুল ইসলাম (৩৪) ও বরিশাল নগরীর কাউনিয়া থানাবানী পলাশপুর এলাকার হেমায়েত গাজীর ছেলে ফাতেমা আক্তার নুরজাত (৩০)। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বরিশাল জেলা কোর্টের কার্যালয়ের পরিদর্শক মো. জাহিদুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারেন দক্ষিণ কড়াপুর এলাকায় মিরাজ হাওলাদারের বাড়িতে মাদক কেনাবেচা, সেবন ও আসর বসে। এমন তথ্যের ভিত্তিতে বৃহস্পতিবার সকাল সাড়ে ৬টায় ওই বাড়িটি ঘেরাও করা হয়। পরে স্থানীয়দের নিয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা ওই বাড়িতে প্রবেশের চেষ্টা করে। তবে ঘরের ভেতর থেকে দরজা বন্ধ করে রাখায় অন্তত ২০ মিনিট বাড়িঘরে দাঁড়িয়ে থাকতে হয় তাদের। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এই কর্মকর্তা জানান, ঘরের ভেতরে প্রবেশ করার পর চারজনকে আটক করা হয় এবং সেখান থেকে বিপুলসংখ্যক মাদক সেবনের সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। এসময় আটককৃতদের মধ্যে দেলোয়ার হোসেন নিজেকে পুলিশ সদস্য পরিচয় দেয়। বিষয়টি এয়ারপোর্ট থানা পুলিশকে অবহিত করা হলে, তার দেলোয়ার হোসেনের পরিচয় নিশ্চিত করেন। তিনি বলেন, ‘ঘটনাস্থলে যেতেই মাদকদ্রব্য পাইনি, শুধু মাদক সেবনের সরঞ্জাম পেয়েছি- তাই পুলিশ সদস্য দেলোয়ার হোসেনকে এয়ারপোর্ট থানায় তার উর্ধ্বতন কর্মকর্তাদের কাছে হস্তান্তর করা হয়েছে। ওই পুলিশ সদস্য ওপেক্ষে কেন গিয়েছেন সেটি তার উর্ধ্বতন কর্মকর্তারা খতিয়ে দেখবেন। আমরা তার ডোপ টেস্ট করার জন্য সুপারিশ করেছি।’ জাহিদুল ইসলাম বলেন, ‘পুলিশ সদস্য দেলোয়ার হোসেন ব্যতিত বাকি তিনজনকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের হেফাজতে নেওয়া হয়েছে। তাদের ডোপ টেস্ট করা হয়েছে। রিপোর্ট পেলে নিয়মানুযায়ী তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।’ এয়ারপোর্ট খানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রফিকুল ইসলাম পালিয়ে যাওয়ার বিষয়টি এড়িয়ে যাওয়ার চেষ্টা করেন। তিনি বলেন, ‘পালায়িনি, আর পালিয়ে যাবেই বা কোথায়। সরকার চাকরি করে না! হয়তো শান্তি হবে বলে ভয় পোয়ে ওপেক্ষাও গিয়েছে। তার খোঁজ চলছে। বিস্তারিত পরে সাংবাদিকদের জানানো হবে।

ভাণ্ডারিয়ায় ভেজাল পণ্য তৈরির

গ্রামের স্থানীয় বিহারী স্কুলের সামনে সাহানাজ ম্যানশনের একটি ভাড়াটিয়া বাসায় উপজেলার ৪নম্বর ইকড়ি ইউনিয়নের হেতালিয়া গ্রামের মৃত ওয়ায়দুল হক হাওলাদারের ছেলে মো. আল আমিন হাওলাদার দীর্ঘদিন ধরে ‘ভাই ভাই আইসক্রিম’ এবং ছালেহা এন্টার প্রাইজ নামে একটি মুদি মনোহরি দোকান পরিচালনা করে আসছে। আইসক্রিম ফ্যাক্টরিসহ অন্য কারখানায় বিভিন্ন ব্রান্ডের মোড়ক ব্যবহার করে নকল ও ভেজাল পণ্য তৈরি করে আসছিল। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ নকল ও ভেজাল পণ্য জব্দ আদালত। জব্দকৃত পণ্যের মধ্যে চিনিগুড়া ও সুগন্ধি চাল,আইসক্রিম,আইস পপ,ভেজাল মধু,ডিটারজেন্ট পাউডার ছাড়াও শিশুদের ড্রিংকস ও জুস তৈরিতে ব্যবহৃত বিভিন্ন কেমিক্যাল,ফ্রেভার,অনুনুমোদিত রং,উৎপাদন মেশিন,চারটি রেক্ট্রজার্টের ও তিনটিকম্পিউটার জব্দ করা হয়। এসময় মালিক আল আমিনের বক্তব্য নেয়ার পর তাকে আটক করা হয়। পরে অ্রাম্যমান আদালতে তাকে দুই বছরের বিনামূল্য কারাদন্ড দিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ দেয়া হয়। অ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ইউএনও মো. হাসিবুল হোসান সাংবাদিকদের জানান,কারখানাটিতে দীর্ঘদিন ধরে ভেজাল ও নকল বিভিন্ন ভোযোগল্প ও শিশু খাদ্য তৈরির অভিযোগের ভিত্তিতে থানা পুলিশ এবং স্থানীয় গণ্যমান্যদের সহযোগিতায় অভিযান চালিয়ে ভোগ্য পণ্য ও সরঞ্জাম জব্দ করে আইনানুগ ব্যবস্থা নেয়া হয়েছে। জনস্বার্থে নকল ও ভেজালবিহীন অভিযান অব্যাহত থাকবে। এদিকে গণকাল রাতে পৌরশহরের ২নম্বর ওয়ার্ডের কাজী পাড়ায় প্রিন্স আইসক্রিম ফ্যাক্টরিতে ভ্রাম্যমান অভিযান চালানো হয়। এসময়

ভোজা অধিকার সংরক্ষণ আইন ২০০৯এর ৪২খারা লংঙ্ধনে ৫২ধারায় ২০হাজার টাকা জরিমানা করা হয়। এবং একই সময় আইন মানার বিষয়ে ব্যবসায়ীকে সতর্ক করেন আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ইউএনও মো. হাসিবুল হাসান।

বরিশালে নিতপণ্য ও এলপি

জাতীয় ভোজা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রানী মিত্র এবং পুলিশের একটি দল। সহকারী পরিচালক ইন্দ্রানী দাস বলেন, বাজার স্থিতিশীল রাখা, অ্যৌক্তিক মূল্যবৃদ্ধি রোধ করা এবং এলপি গ্যাস সিলিন্ডারে অতিরিক্ত অর্থ আদায় বন্ধ করাই এই সমন্বিত অভিযানের প্রধান লক্ষ্য। তিনি আরও বলেন, বাজারের শৃঙ্খলা রক্ষা, সঠিক মূল্য নিশ্চিতকরণ এবং স্বাভাবিক সরবরাহ বজায় রাখতে এ ধরনের তদারকি অব্যাহত থাকবে।

আমরা ভারতবিরোধী নই

স্বার্থকে সবার আগে দেখতে হবে। এমন মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্রা আসিফ মাহমুদ সজীব হুঁইয়া। বুয়েট শিক্ষার্থী শহীদ আব্বার ফাহাদের সপ্তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ‘অব্বার ফাহাদ: দিল্লি অধিপত্যবাদ প্রসঙ্গ’ শীর্ষক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। বৃহস্পতিবার (৮ অক্টোবর) বিকেল ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার অডিটোরিয়ামে জাতীয় ছাত্রশক্তি, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা এ সভার আয়োজন করে। আসিফ মাহমুদ বলেন, শুধু বক্তব্য-বিবৃতির মধ্যে অধিপত্যবাদবিরোধী রাজনীতি সীমাবদ্ধ রাখলে হবে না। বাংলাদেশের স্বার্থকে অধিকার দিয়ে রাষ্ট্রীয় নীতিনির্ধারণে তার বাস্তব প্রতিফলন ঘটাতে হবে। তিনি বলেন, কোনো দেশের সঙ্গে চুক্তি বাংলাদেশের জন্য লাভজনক হলে এবং বড় কোনো ঝুঁকি না থাকলে তা করতে আপত্তি নেই। তবে বাংলাদেশের স্বার্থ বিসর্জন দিয়ে কোনো চুক্তি বা সম্পর্কের পক্ষে তারা নন। আব্বার ফাহাদের ‘আট স্তম্ভ’-এর প্রসঙ্গ তুলে তিনি বলেন, গণতন্ত্র, গণপ্রতিরোধসহ এসব ধারগা বাস্তবায়ন করাতে পারলেই আগামী দিনের অধিপত্যবাদবিরোধী রাজনীতিকে একটি কার্যকর জায়গায় নেওয়া সম্ভব। সভায় এনসিপির সদস্য সচিব ও সচসর সদস্য আখতার হোসেন বলেন, বাংলাদেশের স্বার্থের পক্ষে কথা বলার কারণেই আব্বার ফাহাদেরকে নির্মমভাবে হত্যা করা হয়েছিল। তিনি বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রতীক হয়ে উঠেছেন। গঙ্গার পবিনস্টন চুক্তির প্রসঙ্গ তুলে আখতার হোসেন বলেন, আগামী দিনে বাংলাদেশের ন্যায় পানির হিন্দ্য নিশ্চিত করা সরকারের জন্য বড় পরীক্ষা। গঙ্গার পাশাপাশি তিস্তাসহ সব অভিন্ন নদীতে বাংলাদেশের ন্যায় হিন্দ্য নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, সীমান্ত সুরক্ষার অগ্রহাতে বাংলাদেশের মানুষকে নির্বিচারে গুলি করে হত্যা মেনে নেওয়া যায় না। ভারতসহ বিশ্বের যে কোনো দেশের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব, গণতন্ত্র ও জনগণের স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।

পুলিশ জনআস্থা অর্জন করেছে

করাই এখন পুলিশের জন্য বড় চ্যালেঞ্জ। বৃহস্পতিবার (৮ অক্টোবর) সচিবালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এক সাংবাদিক প্রশ্ন করেন, পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) সম্প্রতি একটি জাতীয় দৈনিকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন, পুলিশের জন্য জনআস্থা অর্জনই বড় চ্যালেঞ্জ। বর্তমান সরকারের আট মাস ধরে এর আগে অন্তর্বর্তী সরকারের প্রায় দেড় বছর মিলিয়ে দীর্ঘ সময় পেরিয়ে গেলেও সাধারণ মানুষের মধ্যে পুলিশকে প্রতি আবার সংকট রয়েছে। এ আস্থা অর্জনে পুলিশের আর কত সময় লাগবে? জবাবে স্বকম্প্রমন্ত্রী বলেন, ‘আপনি তো সিদ্ধান্তই দিয়ে দিলেন যে জনআস্থা নাই!’ এরপর সাংবাদিক আইজিপির বক্তব্যের প্রসঙ্গ তুলে ধরলে স্বরাজনীতি বলেন, ‘আইজিপির বক্তব্য মতে, জনআস্থা বহাল রাখাটাই হচ্ছে আমাদের জন্য মহান কাজ। জনআস্থা আমরা অর্জন করেছি।’ তিনি আরও বলেন, ‘জনআস্থা কতটুকু অর্জন করতে পেরেছি, সেটার বিচার করবে জনগণ। জনআস্থা বহাল রাখাটাই হচ্ছে আমাদের কাজ। আরও বেশি জনআস্থা প্রতিষ্ঠা করতে পারাটা আমাদের জন্য চ্যালেঞ্জ।’

সড়কে চাঁদাবাজি নিয়ন্ত্রণে

কার্যকর ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেছেন, এ কমিটির মাধ্যমেই পরিবহন খাত ঘিরে মাফিয়াবৃত্তির অবসান ঘটবে। বৃহস্পতিবার (৮ অক্টোবর) সকালে বিএনপি নেতা নাজিম উদ্দৌলের নেতৃত্বাধীন নতুন কমিটির সদস্যদের নিয়ে প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন রিজভী। পরে সাংবাদিকদের সঙ্গে আলপচালো তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, নতুন-নতুন আইতরায়ার মাধ্যমে পরিবহন খাত ঢেলে সাজানো হবে। এ ছাড়া, দীর্ঘদিনের অচলাবস্থার অবসান ঘটিয়ে এই খাতকে অধিনগণত করা ও যাত্রীসেবায় নতুন দৃষ্টিভঙ্গ স্থাপন করা হবে। তিনি আরও বলেন, সড়ক পরিবহন খাতকে ঘিরে যে কথিত মাফিয়াভিত্তিক নিয়ন্ত্রণ রয়েছে, তা দূর করতে কার্যকর উদ্যোগ প্রয়োজন। নতুন নেতৃত্ব ও ক্ষেত্রে পরিবর্তন আনতে কাজ করবে বলে আশা প্রকাশ করেন তিনি। পাশাপাশি শ্রমিকদের স্বার্থ রক্ষা এবং সাধারণ যাত্রীদের সেবার মান উন্নতনে ভূমিকা রাখবে। রাজনৈতিক পরিস্থিতি প্রসঙ্গে রিজভী বলেন, রাজনৈতিক বিশৃঙ্খলা ঠেকাতে রাজনীতিবিদরা দায়িত্ব এলে ১৭ বছরের নৈরাজ্য বন্ধ হবে।

কুরআন শিক্ষাকে উৎসাহিত

ও চটাইে আরও উৎসাহিত করতে সরকার কাজ করবে বলে জানিয়েছেন রাষ্ট্রপতি রিজ্া ফজলুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার (৮ অক্টোবর) বঙ্গবন্ধুর ৪৬তম কিং আবদুল আজিজ আন্তর্জাতিক পবিত্র কুরআন প্রতিযোগিতায় বিজয়ী প্রতিযোগীদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে রাষ্ট্রপতি এ কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, বিশ্বের ১৩৩টি দেশের প্রতিযোগীদের সঙ্গে প্রতিযোগিতা করে এমন সাফল্য অর্জন জাতির জন্য অত্যন্ত গর্ব ও আনন্দের বিষয়। তিনি বিজয়ী প্রতিযোগী, তাদের শিক্ষক-উস্তাদ, অভিভাবক এবং স্বপ্রস্তুি শিক্ষা প্রতিষ্ঠানের সবাইকে এ বিবল অর্জনের জন্য আন্তরিক অভিনন্দন জানান। ধর্মচর্চা ও ধর্মীয় প্রতিষ্ঠানগুলোকে সক্রিয় ও সমৃদ্ধ রাখতে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার বিভিন্ন উদ্যোগের কথা স্মরণ করে রাষ্ট্রপতি বলেন, দেশে ধর্মীয় শিক্ষার প্রসার এবং হাফেজ-আলেমদের যথাযথ মর্যাদা নিশ্চিত করতে বর্তমান সরকারও অঙ্গীকারবদ্ধ। সাক্ষাৎকালে বিজয়ী প্রতিযোগী এবং উপস্থিত তাদের অভিভাবক ও শিক্ষক-উস্তাদগণ বঙ্গবন্ধুে আমন্ত্রণ জানানোর জন্য রাষ্ট্রপতিকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। মাদ্রাসা-মক্তসব্বহ ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মেধাবী শিক্ষার্থী, হাফেজ ও আল্েমদেরকে সমানিত করা হলে মানুষ কুরআন চর্চা ও ধর্মীয় শিক্ষায় আরো উৎসাহ পাবে উল্লেখ করে তারা এ বিষয়ে সরকারকে উদ্যোগ নেওয়ার অনুরোধ করেন। তারা আন্তর্জাতিক অঙ্গনে দেশের জন্য পৌঁব বয়ে আনা হাফেজদেরকে যথাযথ সম্মান ও মর্যাদা দেওয়ার দাবি জানান। রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের মানুষ ধর্মপ্রাণ ও অধিকাংশ মানুষ মুসলিম। এ দেশের মানুষ অতীতেও নিজদের ধর্মীয় মূল্যবোধ রক্ষায় অনেক ভাগ্য স্বীকার করেছে। নানা পরিবর্তনের মধ্য দিয়ে বাংলাদেশ আজ নতুন এক অভিমুখের দশরে কয়েছে উল্লেখ করে তিনি বলেন, ধর্মীয় শিক্ষার প্রসার ও মালোন্নয়নে সরকার গুরুত্বের সঙ্গে কাজ করে যাবে। কুরআন শিক্ষা মিশন, বাংলাদেশ-এর চেয়ারম্যান মাওলানা মো. বিদ্বাল হোসেন-এর

নেতৃত্বে বিজয়ীদের মধ্যে উপস্থিত ছিলেন ১৫ পারা হিফজ, তাজবীদ ও সুন্দর তিলাওয়াত বিভাগে প্রথম স্থান অর্জনকারী আর রায়হান ইন্টারন্যাশনাল মাদ্রাসার শিক্ষার্থী হাফেজ মোহাম্মদ জাকারিয়া ও তৃতীয় স্থান অর্জনকারী তানযীমুল উম্মাহ গার্লস হিফয মাদ্রাসার শিক্ষার্থী হাফেজা রাবেতা বিনতে রমজান এবং ৩০ পারা হিফজ, তাজবীদ ও সুন্দর তিলাওয়াত বিভাগে তৃতীয় স্থান অর্জনকারী মারকাযুল মদীনা মাদ্রাসার শিক্ষার্থী দৃষ্টিপ্রতিবন্ধী হাফেজ শেখ মো. মাহমুদুল হাসান (আশরাফী) ও সাউদা বিনতে জমআ’হ রা, আন্তর্জাতিক বালিকা মাদ্রাসার শিক্ষার্থী হাফেজা মুসাফিরা বিনতে মাহমুদ। সাক্ষাতকালে সংশ্লিষ্ট বিজয়ী প্রতিযোগীদের অভিভাবক, উস্তাদ ও কুরআন শিক্ষা মিশন, বাংলাদেশ-এর পরিচালকরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বিজয়ী হাফেজদেরকে রাষ্ট্রপতির ক্রেস্ট ও তাদের পরিবারের সদস্য ও উস্তাদদের সৌজন্য উপহার প্রদান করেন। সাক্ষাৎকালে রাষ্ট্রপতির সচিবরা ও উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বিএম কলেজে ছাত্র অধিকার পরিষদের

থেকে ‘পত্রিকার দেয়াল’-এর শুভ উদ্বোধন করেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর কাজী জাবের আহমেদ। এসময় আরো উপস্থিত ছিলেন ইসলাম শিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক নূর মুহাম্মদ, ইরেজি বিভাগের অধ্যাপক মোঃ মহিউদ্দিন চৌধুরী, ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক মোঃ মহিউ, পদার্থবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ রাশেদ খান শাহীন এবং ফিন্যান্স আড্ডা ব্যাংকি বিভাগের সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাদিরা আফরোজ। ?উদ্বোধন শেষে বিএম কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর কাজী জাবের আহমেদ তাঁর অনুভূতি ব্যক্ত করে বলেন, “বিএম কলেজ ছাত্র অধিকার পরিষদের এমন উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। আমি অন্যান্য ছাত্র সংগঠনগুলোকেও শিক্ষার্থীদের কল্যাণে এমন ব্যতিক্রমী আয়োজন করার আহ্বান জানাছি। এ ধরনের যেকোনো শিক্ষার্থীবান্ধব কার্যক্রমে কলেজ প্রশাসনের সর্বাাচক সহযোগিতা থাকবে।” বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ, বিএম কলেজ শাখার সাধারণ সম্পাদক মঈদুল হক বলেন,“বর্তমান ধারাবাহিক রাজনীতির পরিবর্তে নতুন ধারার শিক্ষার্থীবান্ধব রাজনীতি বাস্তবায়নে লক্ষ্যে বিএম কলেজ ছাত্রঅধিকার পরিষদ এর ভিন্ন পথচলা। ছাত্ররাজনীতি লেজ্জবৃত্তিক না হয়ে অবশ্যই শিক্ষার্থী বান্ধব হওয়া উচিত। বিএম কলেজ ছাত্রঅধিকার পরিষদ ধারাবাহিক ভাবে শিক্ষার্থীদের সকল দাবি দাওয়া প্রশাসনের সম্মুখে হোক বা নিজেদের সংগঠন এর অর্ধায়েন হোক শিক্ষার্থী বান্ধব রাজনীতি অব্যাহত রাখবে। বিএম কলেজ ছাত্রঅধিকার পরিষদ এর আয়োজন ছোট পরিসরে হলেও আশাবাদী শিক্ষার্থীরা উপকৃত হবে।” পত্রিকা দেয়াল নিয়ে অনুভূতি প্রকাশ করতে গিয়ে হিসাববিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মেহেদী হাসান তানবীর বলেন, “এই পত্রিকা দেয়ালের মাধ্যমে আমরা বিনামূল্যে বিভিন্ন সংবাদ ও সাংপ্রত্যক ঘটনাবলী সম্পর্কে জানতে পারবো। এর মাধ্যমে প্রতিনিয়ত ঘটে যাওয়া নানা ঘটনা, চাকরির বিজ্ঞপ্তি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য পাওয়ার পথ সহজ হলো। এমন চমককার উদ্যোগকে সাধুবাদ জানাই।” পত্রিকার দেয়াল উদ্বোধন শেষে প্রদর্শিত দেয়ালে স্থান পাওয়া বিভিন্ন সংবাদ ও ফিচার অগ্রহই নিয়ে অবলোকন করেন উপস্থিত শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

বরিশালে ফাঁসির দণ্ডপ্রাপ্ত

২০০৪ সালে সুলতানকে ফাঁসির আদেশ দেয় আদালত। এরপর থেকে তিনি বরিশাল কেন্দ্রীয় কারাগারে বন্দি ছিলেন। তিনি হুদরোগে আক্রান্ত ছিলেন। দীর্ঘদিন ধরে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসানীয় ছিলেন। সেখানে সকাল ৮টার দিকে তার মৃত্যু হয়। নিয়ম অনুযায়ী মৃতদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করে মরনাতত্ত্বের পর লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হবে বলে জানান জেলার। জ্যেষ্ঠ জেল সুপার সুরত কুমার বালা বলেন, ‘আমাদের কাছে মামলার বিস্তারিত তথ্য আসে নাই। তাই কোন হত্যাকাণ্ডে তার ফাঁস হয়েছে, বিষয়টি অজানা।’

রাজাপুরে বাসচাপায় পথচারী

পরিবারের সঙ্গে কথা বলে পরবর্তী আইনি ব্যবস্থা নেওয়া হবে।

অস্ত্রাবরের প্রথম সপ্তাহেই

হাসপাতাল ছেড়েছেন ২ হাজার ৫৭ জন। এ পর্যন্ত মোট ৮৮ হাজার ২০৮ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী ছুটি হয়েছেন ঢাকা বিভাগে ৭৯০ জন। এছাড়া চট্টগ্রামে ২৮০ জন, খুলনায় ২৯২ জন, বরিশালে ১৯৫ জন, রাজশাহীতে ২০৬ জন, ময়মনসিংহে ৯৩ জন এবং রংপুরে ৬৪ জন রোগী ভর্তি হয়েছেন।

মাছ ধরায় ২২ দিনের নিষেধাজ্ঞা

কার্যকর হওয়ার পর গভীর সমুদ্রে থাকা মাছধরা ট্রলারগুলো তীরে ফিরতে শুরু করেছে। দেশের অন্যতম মৎস্য অবতরণ কেন্দ্রে পটুয়াখালীর মহিপুর-আলিপুর, কুয়াকাটা ও রাঙ্গাবালীসহ উপকূলীয় এলাকার হাজারো জেলে ইতোমধ্যে তীরে ফিরে এসেছেন। তবে জেলেদের দাবি, এখনো ইলিশের পেটে পর্যাপ্ত এমি আসেনি। ইলিশের প্রজনন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য অধিদপ্তরের নির্ধারিত নিষেধাজ্ঞার সময়সীমা নিয়েও হতাশা প্রকাশ করেছেন তারা। এরপরও সরকারের সিদ্ধান্ত মেমন নিষেধাজ্ঞার সময়ে ইলিশ আহরণ থেকে বিরত থাকার কথা জানিয়েছেন জেলেরা। নিষেধাজ্ঞাকলে দেশের জলসীমায় পার্শ্ববর্তী দেশের জেলেদের অনুপ্রবেশ ও মাছ ধরার বিষয়ে কঠোর নজরদারি বাড়ানোর দাবি জানিয়েছেন তারা। এ জন্য নৌবাহিনী ও প্রশাসনের তৎপরতা বাড়ানোর পাশাপাশি প্রকৃত জেলেদের মধ্যে প্রগোদনার পরিমাণ বাড়িয়ে সঠিকভাবে বিতরণেরও দাবি রয়েছে। কুয়াকাটা আবার আলো জেলে সমবায় সমিতির সাবেক সভাপতি নিজাম শেখ বলেন, সমুদ্রে মাছ শিকার করতে গিয়ে বেশিরভাগ জেলেই শূন্য হাতে তীরে ফিরছেন। আগের মতো সমুদ্রে মাছ ধরা পড়ছে না। তাঁর অভিযোগ, সমুদ্রে দেশি-বিদেশি অবৈধ ট্রলিং বোটের পাশাপাশি ভারতীয় জেলেদের আধিপত্য রয়েছে। এসব বন্ধে কার্যকর উদ্যোগ না নিয়ে বারবার অবরোধ দিয়ে জেলেদের ক্ষতিগ্রস্ত করা হচ্ছে। এর মধ্যে আবহাওয়াও প্রতিকূলে থাকছে। জেলে আববন্ধর বলেন, এমনিতেই সাগরে মাছ পাওয়া যাচ্ছে না। এর মধ্যে আবার নিষেধাজ্ঞা শুরু হয়েছে। সরকার যে প্রগোদনা দেয়, তা চাহিদার তুলনায় অনেক কম। তিনি প্রগোদনার চাহের সঙ্গে ভাল ও তেল দেওয়ার দাবি জানান। ট্রলার মাঝি মো. বসির বলেন, বিভিন্ন এনজিও ও ব্যাংকের ঋণের পাশাপাশি দাদনের বোঝায় জেলেরা জর্জরিত। এই ঋণের বোঝা মাথায় নিয়ে জেলে ব্যবসার সঙ্গে জড়িত সবাই হতাশায় রয়েছেন। মহিপুর মৎস্য আড়তদার সমবায় মালিক সমিতির সাবেক সভাপতি ও ইউপি চেয়ারম্যান মো. ফজলু গাজী বলেন, গত দুই-তিন বরষ ধরে সাগরে আশানুরূপ মাছ পাওয়া যাচ্ছে না। যখন কিছুটা মাছের দেখা মেলে, তখনই আবহাওয়া খারাপ হয়ে যায়। তাঁর মতে, জেলেদের প্রগোদনা আরও বাড়ানো উচিত। তিনি বলেন, নিষেধাজ্ঞার সময়ে বঙ্গোপসাগরে নৌবাহিনী ও কোস্টগার্ডের কঠোর নজরদারি থাকা দরকার। তাঁর অভিযোগ, অবরোধের সুযোগ নিয়ে মিয়ানমার ও ভারতের জেলাবা বাংলাদেশের জলসীমায় ঢুকে মাছ ধরে নিয়ে যায়। কুয়াকাড়া সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মো. জহিরুন্নবী বলেন, ইলিশের প্রজনন বৃদ্ধির লক্ষ্যে মা ইলিশসহ সামুদ্রিক সব ধরনের মাছের প্রজনন মৌসুম চলছে। সমুদ্রের মৎস্যসম্পদ বৃদ্ধির লক্ষ্যেই ২২ দিনের নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। এতে শেষ পর্যন্ত মৎস্যজীবীরাই লাভজনক হবেন। তিনি আরও বলেন, ২২ দিনের নিষেধাজ্ঞাকালে উপজেলায় ১৮ হাজার নিবন্ধিত জেলেকে বিশেষ প্রগোদনা দেওয়া হবে। নিবন্ধনের বাইরে থাকা

জেলেদেরও পর্যায়ক্রমে নিবন্ধনের আওতায় আনা হবে। মৎস্য কর্মকর্তা জানান, নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ ধরা, পরিবহন, মজুত ও বাজারজাত করলে সর্বোচ্চ দুই বছরের সশ্রম কারাদণ্ড অথবা এক লাখ টাকা জরিমানা অথবা উভয় দণ্ড হতে পারে।

বাংলাদেশের সঙ্গে ‘জনমুখী’

‘বাংলাদেশের প্রতি আমাদের দৃষ্টিভঙ্গি হলো পারস্পরিক সমৃদ্ধি ও উন্নতির জন্য জনমুখী ফোকাস রেখে একটি ইতিবাচক, গঠনমূলক এবং দূরদর্শী সম্পৃক্ততা বজায় রাখা। বাংলাদেশি কর্তৃপক্ষের সঙ্গে চলমান আলোচনার সময় আমরা বাস্তবসম্মত সহযোগিতা এবং যৌথ অর্থনৈতিক অগ্রগতিতে প্রাধান্য দিচ্ছি।’ এর আগে, ঢাকায় ‘সেন্টার ফর গভর্নান্স স্টাডিজ (সিঞ্জিএস) আয়োজিত ‘বে অব বেঙ্গল কনভারসেশন’ শীর্ষক সম্মেলনে বিভিন্ন প্রশ্নের জবাব দেন ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। ওই অনুষ্ঠানে ভারতীয় হাইকমিশনার বলেন, ‘শেখ হাসিনার ভারত আসার ব্যাপারে ভারতীয় সশস্ত্র বাহিনীর কোনো ভূমিকা ছিল না এবং বিষয়টি ভারতীয় কর্তৃপক্ষকে বিশ্মিত করেছিল।’ তিনি আরও বলেন, ‘শেখ হাসিনাকে ভারতীয় বিমান বাহিনী বা ভারতীয় সেনাবাহিনী ভারতে নিয়ে আসেনি। সামরিক বিমানটি যখন ভারতে পৌঁছায়, তখন ভারত এর জন্য প্রস্তুত ছিল না। শেখ হাসিনা সে সময়ও বাংলাদেশের বৈধ প্রধানমন্ত্রী ছিলেন এবং প্রতিবেদী দেশ হিসেবে জীবনের বাস্তবতাকে গ্রহণ করা ছাড়া খুব কম বিকল্পই খোলা ছিল। সে সময়কার পরিস্থিতিতে বিমানের অবতরণের অনুমতি না দিলে পরিস্থিতি অন্যরকম হতে পারত।’

পদায়ন নিয়ে ‘মধুর বিড়ম্বনায়’ প্রাথমিকের নতুন সহকারী শিক্ষকরা

কীর্তনখোলা ডেস্ক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন সহকারী শিক্ষকদের বিভড়নায় যেন পিছু ছাড়ছে না। চূড়ান্ত ফল প্রকাশ ও সুপারিশের ১০ মাসের মাথায় যোগদানের সুযোগ পেয়েছেন তারা। যোগদান পেতেও রাজপথে নেমে করতে হয়েছে আন্দোলন। আবার যোগদানের সময়ও ভেরিফিকেশনের তুমুল বিতর্ক পেয়াতে হয়েছে। অবশেষে গত ১ অক্টোবর বহুল কাক্ষিত যোগদান হলেও পদায়ন নিয়ে একের পর তারিখ পেছাচ্ছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এতে যোগদান করেও মধুর বিড়ম্বনায় পড়েছেন নতুন শিক্ষকরা। নতুন সহকারী শিক্ষকরা বলছেন, যোগ্যতা অনুযায়ী- ৪ অক্টোবর তাদের পদায়নের কথা ছিল। অচ্যু হঠাৎ পদায়ন বাদ রেখে ওরিয়েন্টেশন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। একই সঙ্গে ১১ অক্টোবর পদায়নের যোগ্যতা দেওয়া হয়। তাতেও তাদের আপত্তি ছিল না। কিন্তু ফের পদায়নের তারিখ পিছিয়ে ১৮ অক্টোবর করা হয়েছে। এ নিয়ে ক্ষুব্ধ নতুন সহকারী শিক্ষকরা। জানা গেছে, বৃহস্পতিবার (৮ অক্টোবর) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে এক আদেশে নতুন এ পদায়নের তারিখ যোগ্যতা করা হয়। তাতে বলা হয়েছে, নবনিযুক্ত শিক্ষকদের পদায়ন আদেশ ১১ অক্টোবরের পরিবর্তে ১৮ অক্টোবর নির্ধারণ এবং ওরিয়েন্টেশন প্রশিক্ষণ ১৫ অক্টোবর পর্যন্ত বর্ধিত করা হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে। এদিকে ১৮ অক্টোবর পদায়নের নির্দেশনা ঘিরে শুরু হয়েছে নতুন বিতর্ক। কারণ বার্ষিক ছুটির তালিকা অনুযায়ী- ১৮ অক্টোবর থেকে দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুর্গাপূজার ছুটি শুরু হবে। ছুটি শেষে বিদ্যালয় খুলবে ২৫ অক্টোবর। ফলে ছুটির মধ্যে পদায়ন কীভাবে করা হবে, তা নিয়ে প্রশ্ন তুলেছেন নবনিযুক্ত শিক্ষকরা। নয়ন তালুকদার নামের একজন নতুন সহকারী শিক্ষক ফেসবুকে এক পোস্টে এ নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন। তিনি লেখেন, ‘পদায়নের জন্য একই স্মারক ও তারিখে তিনবার চিঠি ইম্মা করা হয়েছে। যোগদানের পর আবার পদায়নের সময় বৃদ্ধি করেছে। এখন ফের ১১ অক্টোবর থেকে পরিবর্তন করে ১৮ অক্টোবর করা হলো। এগুলো আসলে কী? প্রতারণা ছাড়া তো কিছুই না।’ নাম প্রকাশ না করে নতুন একজন সহকারী শিক্ষক বলেন, ‘প্রতিনিধি বাড়ি থেকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যেতে পারেন। প্রশিক্ষণের নামে সেখানে কিছুই কোনো হচ্ছে না। শুধু বসিয়ে রাখা। বাড়ি থেকে যাতায়াতে ৪০০-৫০০ টাকা খরচ হয়েছে। কোনোভাবে যদি যাতায়াতে দেরি বা অন্য কিছু হয়, সে ক্ষেত্রে আবার নেতিবাচক রিপোর্ট যাবে। মূলত ভোগান্তির মুখে ফেলা হচ্ছে।’ আশরাফুল ইসলাম আকাশ নামে একজন কেন্দ্রীয় পদোন্নত প্রাইমারি-২০২৫ ফেলুবক গ্রুপের এক পোস্টের মন্তব্যের ঘরে লিখেছেন, ‘১৮ অক্টোবর পূজার ছুটি। পূজার ছুটি শেষে ১ নভেম্বর দুই মাসের জন্য পিটিআইতে পাঠানো হতে পারে। স্কুলে পদায়ন ২০২৭ সালের ১ জানুয়ারি হতে পারে।’ জানতে চাইলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জেসমিন নাহার বলেন, ‘কিছু সীমাবদ্ধতার কারণে নতুন সহকারী শিক্ষকদের পদায়নে দেরি হচ্ছে। বদলিসহ কিছু ইস্যু রয়েছে। পদায়ন নিয়ে নতুন সহকারী শিক্ষকদের দুর্গস্তিতার কোনো কারণ নেই। তারা যোগদানের দিন থেকে বেতন-ভাত প্রাপ্য হবেন।’

একটা পিঁপড়াও একা হাঁটে না, অথচ আমরা দশ গ্রুপে বিভক্ত:

আ ফ ম খালিদ

কীর্তনখোলা ডেস্ক

ইসলাম প্রতিষ্ঠা ও দেশ গঠনে আলেমদের ঐক্যবদ্ধ হওয়ার বিকল্প নেই উল্লেখ করে সাবেক ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন বলেছেন, একটা পিঁপড়াও একা হাঁটে না, অথচ আমরা বিভিন্ন দিকে! আলেমদের ঐক্যবদ্ধ হওয়ার কোনো বিকল্প নেই। বৃহস্পতিবার (৮ অক্টোবর) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন অডিটোরিয়ামে আয়োজিত ‘ন্যাপনাল ওলামা সামিট’ বিশেষ অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। আলেমসমাজের উদ্দেশে তিনি বলেন, ‘কোনো পিঁপড়া একা হাঁটে না। কোনো হাতি জঙ্গলের ভেতরে একা হাঁটে না। অথচ আমরা দশদিকে। দশ গ্রুপে বিভক্ত। আসুন ঐক্যবদ্ধ থাকি। ঐক্যই শক্তি হবে। এই ওলামা মাশায়েখ আইম্মা পরিষদ আগামী দিনে যেকোনো চ্যালেঞ্জের মোকাবেলা করে যাবে ইশাআল্লাহ।’ সাবেক ধর্ম উপদেষ্টা বলেন, ‘কাদমাটিতে দাঁড়িয়ে আপনি যুদ্ধ করতে পারবেন না। আপনার পায়ের নিচে মাটি আছে কি না দেখতে হবে। পায়ের নিচের মাটি শক্ত হতে হবে। ওয়াজের মাঠে লাখ লাখ মানুষ আমাদের বয়ান শুনে, তারা তো আমার ভোটার নয়, এখানেই তো ছুলা। এটা বুঝতে হবে ওয়াজ শুনতে আসা সব শ্রোতা আমার ভোটার নয়। তাই জগৎপন্থে চাহিদা বৃদ্ধি হতে হবে। সেভাবে কাজ করতে হবে।’ অনুষ্ঠান শেষে সঙ্গে এক আলাপচারিতায় তিনি আরও বলেন, ‘মতভিন্নতা সত্ত্বেও মুসলিম উম্মাহকে একতার পথ ধরতে হবে। ইতিবাচক আছে ও থাকবে। কিন্তু ধীন, দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে সহনশীলতা ও পারস্পরিক সম্মান বজায় রাখতে হবে। নইলে সংঘাত এড়াণো যাবে না।’

আমার নোবেল পাওয়া উচিত, কিন্তু তারা দেবে কি-না জানি না: ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বিশ্বাস করেন, দ্বিতীয় দক্ষায় ক্ষমতায় আসার পর থেকে এ পর্যন্ত বৈশ্বিক শান্তি রক্ষায় যেসব অবদান তিনি রেখেছেন, সেসবের স্বীকৃতি হিসেবে তার শান্তিতে নোবেল পুরস্কার পাওয়া উচিত। ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

বরিশাল ৯ শুক্রবার ৯ ০৯ অক্টোবর ২০২৬ ৯ ২৪ আশ্বিন ১৪৩৩

বিশ্বজুড়ে তীব্র হচ্ছে এল নিনো আবহাওয়াগত অবস্থা

কীর্তনখোলা ডেস্ক
বিশ্বজুড়ে তীব্র হচ্ছে এল নিনো আবহাওয়াগত অবস্থা। এর ফলে বৈশ্বিক আবহাওয়ার ওপর বড় প্রভাব ফেলতে পারে বলে সতর্কবার্তা দিয়েছে জাতিসংঘের বৈশ্বিক আবহাওয়া সংস্থা ডব্লিউএমও। বৃহস্পতিবার এক বিবৃতিতে ৩ এর পাতায় দেখুন



নগরীর কেডিসি বালুর মাঠে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারদের মাঝে টিন বিতরণ করেন মহানগর বিএনপির সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদার

রাষ্ট্র পরিচালনায় আলেমদের সম্পৃক্ত করুন: চরমোনাই পীর

কীর্তনখোলা ডেস্ক
রাষ্ট্র পরিচালনায় আলেমদের সম্পৃক্ত করা প্রয়োজন। বৃহস্পতিবার (৮ অক্টোবর) রাজধানীর ফার্মগেটের কুখিবিদ ইনস্টিটিউশন অফিসে আলেমদের আমন্ত্রণ করে মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম (চরমোনাই পীর)। তিনি বলেন, রাষ্ট্র ও রাজনীতিতে আলেমদের উপেক্ষা করার

পরিণতি ভালো হয় না। তাই রাষ্ট্র পরিচালনায় আলেমদের সম্পৃক্ত করা প্রয়োজন। বৃহস্পতিবার (৮ অক্টোবর) রাজধানীর ফার্মগেটের কুখিবিদ ইনস্টিটিউশন অফিসে আলেমদের আমন্ত্রণ করে মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম (চরমোনাই পীর)। তিনি বলেন, রাষ্ট্র ও রাজনীতিতে আলেমদের উপেক্ষা করার

তিনি এসব কথা বলেন। চরমোনাই পীর বলেন, 'এই অঞ্চলের ইতিহাসের এক নির্মম সত্য হলো, প্রতিটি পটপরিবর্তনে উলামায়ে কেরাম অগ্রণী ভূমিকা পালন করেন। কিন্তু পরবর্তীতে রাষ্ট্র পুনর্গঠনের কাজে উলামায়ে কেরামকে সম্পৃক্ত করা হয় না। ফলে ৩ এর পাতায় দেখুন

বালকাঠিতে কাদিয়ানীদের রাষ্ট্রীয়ভাবে অমুসলিম ঘোষণার দাবি

বালকাঠি প্রতিনিধি
কাদিয়ানীদের রাষ্ট্রীয়ভাবে অমুসলিম ঘোষণা এবং এ বিষয়ে সংসদে আইন করার দাবি জানিয়েছে বাংলাদেশ খতমে নবুওয়ত সংরক্ষণ কমিটি, বালকাঠি জেলা শাখা। বৃহস্পতিবার (৮ অক্টোবর) দুপুর ১২টায় বালকাঠি প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানান সংগঠনটির নেতারা। 'নবীর পরে নবী নাই, সংসদে আইন চাই' শ্লোগান সামনে রেখে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংগঠনটির দাবি, ইসলামের মৌলিক আদিকা অনুযায়ী হজরত মুহাম্মদ (সা.) সর্বশেষ নবী এবং তাঁর পরে আর কোনো নবী আসবেন না। কিন্তু কাদিয়ানী মতবাদে নবুওয়তের বিধায়ে ভিন্ন বিশ্বাস রয়েছে। এ কারণে কাদিয়ানীদের ইসলামের মূল আকিদাবিরোধী পৃথক ধর্মীয় সম্প্রদায় হিসেবে রাষ্ট্রীয়ভাবে অমুসলিম ঘোষণা করার দাবি জানান সংগঠনটি। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, কাদিয়ানীদের মুসলমান হিসেবে পরিচয় দেওয়ার সুযোগ না দিয়ে তাদের ধর্মীয় পরিচয় জ্ঞানিবদ্ধন, জাতীয় পরিচাপত্র, পাসপোর্ট, বিবাহ ও তালাকসহ সরকারি নথিতে পৃথকভাবে উল্লেখ করতে হবে। তাদের ৩ এর পাতায় দেখুন

তেলের বাজারে বড় ধাক্কা, একলাফে দাম বাড়লো ৫ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক
মধ্যপ্রাচ্যে উত্তেজনায় বড় ধাক্কা লেগেছে অপরিশোধিত তেলের বাজারে। আন্তর্জাতিক বাজারে তেলের দাম একলাফে প্রায় পাঁচ শতাংশ বেড়েছে। বৃহস্পতিবার (৮ অক্টোবর) অপরিশোধিত তেলের আন্তর্জাতিক ব্রেকমার্কে বেড়েছে তেলের দাম। তেলের

ব্রেন্টের দাম পাঁচ শতাংশ বেড়ে ব্যারেলপ্রতি ১০৫ দশমিক ৩ ডলারে উঠেছে। তেলের সরবরাহ কমে যাওয়ার আশঙ্কায় বিশ্ববাজারে বিনিয়োগকারীদের মধ্যে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে। আর তাতেই লাক্ষিয়ে বেড়েছে তেলের দাম। তেলের

দাম বাড়ার বড় কারণ মধ্যপ্রাচ্যে নতুন করে সংঘাত তীব্র হওয়ার আশঙ্কা। 'দ্য আটলান্টিক'-এর এক প্রতিবেদনে বলা হয়েছে, হোয়াইট হাউজ ইরানে হামলার সম্ভাব্য পরিকল্পনা তৈরি করতে বলেছে পেট্রোনকে। মার্কিন ৩ এর পাতায় দেখুন

উপকূলের নদ-নদীতে ইলিশ উৎপাদনে ব্যাপক সাফল্যের প্রত্যাশা

ভোলা প্রতিনিধি
ভোলা জেলার নদ-নদীতে উৎপাদিত ইলিশই দেশের চাহিদা মেটানোর লক্ষ্য অর্জনে কাজ শুরু করেছে মৎস্য দপ্তর। এরই ধারাবাহিকতায় মা ইলিশ সংরক্ষণ, প্রজনন নিশ্চিত ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছরের মতো এবারও ২২ দিনের জন্য দেশব্যাপী নদ-নদীতে ইলিশসহ সকল প্রকার মাছ শিকার নিষিদ্ধ



সারাদেশে ২২ দিনের জন্য ইলিশ শিকারে নদীতে নামতে পারবে

করেছে সরকার। বৃথকার মধ্য রাত থেকে থেকে শুরু হওয়া এ নিষেধাজ্ঞা চলবে ২৯ অক্টোবর পর্যন্ত। নিষেধাজ্ঞাকালীন সময়ে দেশব্যাপী ইলিশের মজুত, ঞয়-বিক্রয়, পরিবহন ও বাজারজাত নিষেধাজ্ঞার আওতায় থাকবে। এর অংশ হিসেবে এবছরও



নগরীর কেডিসি বালুর মাঠে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারদের মাঝে টিন বিতরণ করেন মহানগর বিএনপির সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদার

ডেঙ্গু প্রতিরোধে প্রশাসন পুরোপুরি ব্যর্থ হয়েছে: মাসুদ সাঈদী

পিরোজপুর প্রতিনিধি
ডেঙ্গু প্রতিরোধে প্রশাসন পুরোপুরি ব্যর্থ হয়েছে বলে মন্তব্য করেছেন পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাঈদী। তিনি বলেন, বরিশাল বিভাগের মধ্যে পিরোজপুরে ডেঙ্গু পরিস্থিতি শীর্ষে থাকা লজ্জাজনক। বৃহস্পতিবার (৮ অক্টোবর) সকালে পিরোজপুর পৌরসভার ৫ নম্বর ওয়ার্ড জামায়াতে ইসলামীর কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও লিফলেট বিতরণ কর্মসূচিতে তিনি এসব কথা বলেন। মাসুদ সাঈদী বলেন, ডেঙ্গুর এই সমস্যা শুধু পিরোজপুরে নয়, এটা সারা বাংলাদেশে। তবে দুর্ভাগ্যজনক হলো ও সত্য, বরিশাল বিভাগের মধ্যে পিরোজপুরে শীর্ষ অবস্থান করেছে ডেঙ্গু। যেটা আমাদের জন্য খুব লজ্জাজনক। আমাদের জনগণ সবাই সটিকভাবে সচেতন-এমনটা দাবি করছি না। জনশ্রীর অসাধনতার পাশাপাশি প্রশাসনেরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার প্রয়োজন ছিল। সেটা তারা করতে ব্যর্থ হয়েছে বলে আমি ৩ এর পাতায় দেখুন



নগরীর কেডিসি বালুর মাঠে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারদের মাঝে টিন বিতরণ করেন মহানগর বিএনপির সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদার

চরফ্যাশনে শিক্ষক নিয়োগের নামে ১৫ লাখ টাকা ফেরতের দাবিতে স্কুলে তাল

চরফ্যাশন প্রতিনিধি
চরফ্যাশনের নুরাবাদ ইসলামিয়া মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের নামে অর্থ আত্মসাৎ অতঃপর সালিশ বৈঠকে সিদ্ধান্তে ক্ষতিপূরণের টাকা ফেরত না দেওয়ার অভিযোগে বিদ্যালয়ের প্রধান ফটকে তাল ঝুলিয়ে দিয়েছে ভুক্তভোগী শিক্ষক ও তার পরিবার। গত ৩ অক্টোবর ২০২৬ (শনিবার) সকাল থেকে বিদ্যালয়ে তাল ঝুলতে থাকায় বিদ্যালয়ের শ্রেণির পাঠদান সম্পূর্ণ বন্ধ রয়েছে। এতে চরম বিপাকে পড়েছে বিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। স্থানীয় সূত্রে জানা গেছে, নুরাবাদ ইসলামিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা থেকে শিক্ষক হিসেবে বিনা বেতনে নিরলসভাবে দায়িত্ব পালন করে আসছিলেন ভুক্তভোগী মোঃ নাজিম। তাকে স্থায়ী নিয়োগ দেওয়ার আশ্বাস দিয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান বিভিন্ন সময়ে ৩ লাখ ৭০ হাজার টাকা হাতিয়ে নেন। তবে পরবর্তীতে দীর্ঘদিনের তাপী শিক্ষক নাজিমকে বরখাস্ত করে ওই পদে অন্য একজনকে মোটা অঙ্কের বিনিময়ে নিয়োগ দেওয়া হয়েছে বলে অভিযোগ ওঠে। এই জালিয়াতির ঘটনা জানাজানি হলে এলাকায় তীব্র ৩ এর পাতায় দেখুন

বোরহানউদ্দিনে নিষিদ্ধ ছাত্রলীগের দুই নেতাকে গ্রেফতার

বোরহানউদ্দিন প্রতিনিধি
জেলায় নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের দুই নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার দুপুরে বোরহানউদ্দিন পৌরসভার দুইটি ওয়ার্ডে অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়। পরে তাদেরকে জেলার আদালতে পাঠানো হয়েছে। গ্রেফতারকৃতরা হলেন- ডালা জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মো. মেহেদী হাসান জিহাদ (২৯) ও বোরহানউদ্দিন পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি মো. সুমন পঞ্চায়েত (৩০)। বোরহানউদ্দিন থানায়

দেনার চাপে গৌরনদীতে সাবেক প্রবাসীর আত্মহত্যা

গৌরনদী প্রতিনিধি
বিদেশে ভাণ্ডা ফেরাতে গিয়ে ঋণের জালে জড়িয়ে পড়েছিলেন। প্রবাসীজীবনের সেই ঋণের বোঝা ত্যাগ করে ফিরেছিল দেশে আসার পরও। অবশেষে এনজিওর কিস্তি ও পাওনারাদের ক্রমাগত চাপ সহ্য করতে না পেরে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন পুলিশ তালুকদার (৫০) নামের এক সাবেক প্রবাসী চা-দোকানি। বৃহস্পতিবার (৮ অক্টোবর) ভোরে বরিশালের গৌরনদী উপজেলার ইছাকুর-বাকাই এলাকায় নিজ বাড়ির ৩ এর পাতায় দেখুন

গুরুজাহ্নী বালুপে রপ্তানি শুরু হয়েছে

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক ডে-কোয়ার আলিম প্রতিভা

দাখিল A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

বিশ্ববিদ্যালয় প্রবেশিকা

যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৭১৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল। ০১৭১৩-৯৫০৯৪১ ০১৭১৩-১৬৯৮২৮



নেশার জন্য মা-বোনদের মারধর, যুবকের কারাদণ্ড

বরগুনা প্রতিনিধি
বরগুনা পৌর শহরের ফায়ার সার্ভিস এলাকায় মাদকাসক্তের হাত থেকে রেহাই পাননি জন্মদাত্রী মা ও পেটের দুই বোন। গাজা সেবন করে নেশার টাকার দাবিতে কুপুত্র সুমন খলিফা (৩৫) তার ৬০ বছর বয়সী বুড়া মা ও দুই বোনকে বেদম মারধরসহ বসতঘরে ব্যাপক ভাঙচুর চালায়। তবে এই নৃশংস ও ন্যাকারজনক ঘটনার পর পার পাননি তিনি; পুলিশের হাতে গ্রেফতার হয়ে শেষ পর্যন্ত পৌছাতে হয়েছে জেলহাজতে। আদালত দুটি পৃথক অপরাধে এই কুলাঙ্গার যুবককে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডা. এন.জি. দি রবী

এমবিবিএস(চাক্ষুঃ) ও(ডিএমসি) এমবিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন অরকস(আমেরিকা)বোথিং(চীন) এলআইও(চাক্ষুঃ)কোম্পা ও প্রোকোম কোম্পা(জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা ও.এস.বি ম্যাশনাল কনফারেন্স ও সেরাচি সেবা পদকপ্রাপ্ত)

মাথা ব্যথা, প্রোকোম, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ

বিভাগীয় প্রধান: সের. ই বহনো প্রতিবেদন কর্তৃক হাসপাতাল (এক্স) বরিশাল সার্বজনীন এলোপ্যাথি মেডিকেল সেন্টার ও হাসপাতাল বরিশাল

বরিশাল ডেয়ার: মেঘা ডায়ালগনস্টিক ল্যাব

৪০ সের জে (সেন্ট্রাল সার্ভিস) বরিশাল। পরিচালক: ০১৭১৪০৯০৯০৯, ০১৭১৪০৯০৯



নগরীর ২৭ নম্বর ওয়ার্ড বিএনপি কমী রাকিবকে দেখতে ও তার ক্ষতিগ্রস্ত বাড়ি পরিদর্শনে যান মহানগর বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আফরোজা খানম নাসরিন

কীর্তনখোলা

বিশিষ্টরাহির রাহমির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ইশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com